(২২৮-৩)

ডাইরি/ওয়েবসাইটে আপলোডের ব্যবস্থা নিন

| | |
|---|---|
| স্টেশন প্রকৌশলী | |
| উপ-স্টেশন প্রকৌশলী | |
| সহকারী বেতার প্রকৌশলী | |
| ... টেকনিশিয়ান | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বেতার
সদর দপ্তর
৩১, সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি
শের-ই বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.betar.gov.bd

স্মারক: ১৫.৫৩.০০০০.০১১.২০.০৪৩.১৯(অংশ-২). ১৫৮

তারিখ: ৫ই কার্তিক, ১৪২৭ বঙ্গাব্দ
২১.১০.২০২০ খ্রিষ্টাব্দ

বিষয়: উদ্ভাবনী ধারনাগুলো যাচাই-বাছাইপূর্বক তালিকা প্রেরণ সংক্রান্ত।

সূত্রঃ তথ্য মন্ত্রণালয়ের ১২/১০/২০২০ তারিখেরে ১৫.০০.০০০০.০২৯.১৬.০৩৫.১৭.৬৭ নম্বর পত্র।

উপযুক্ত বিষয় ও সূত্রালোকে জানানো যাচ্ছে যে, বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১ এর ৫.১ এর উদ্ভাবনী উদ্যোগ/ধারনা আহবান এবং প্রাপ্ত উদ্ভাবনী ধারনাগুলো যাচাই-বাছাইপূর্বক তালিকা প্রণয়নের অংশ হিসাবে বাংলাদেশ বেতার কর্তৃক নিম্নবর্ণিত উদ্ভাবনী ধারণাগুলা নির্ধারণ করা হলো।

| ক্র. নং | উদ্ভাবনের নাম | উদ্ভাবকের নাম ও পদবী | উদ্ভাবনের বর্ণনা | যৌক্তিকতা |
|---|---|---|---|---|
| ১. | অনুষ্ঠান ও হিসাব ব্যবস্থাপনা পদ্ধতি | ১। মোহাম্মদ রাফিকুল হাসান<br>উপ-আঞ্চলিক পরিচালক<br>২। সুমন কান্তি নাথ<br>সহকারী পরিচালক (অনুষ্ঠান) | এটি অনুষ্ঠান ও হিসাব ব্যবস্থাপনার একটি সমন্বিত পদ্ধতি। এর সাহায্যে বিদ্যমান পদ্ধতির পরিবর্তে অনুষ্ঠান পরিকল্পনা, প্রস্তাব, চুক্তিপত্র তৈরি, রেজিস্টারে লিপিবদ্ধকরণ ও 'চুক্তি' পত্র এসএমএস এর মাধ্যমে শিল্পীদের কাছে পৌছানোর সমগ্র প্রক্রিয়াটা সফটওয়ারের সাহায্যে সম্পন্ন করা যাবে এবং অনুষ্ঠান পরবর্তী হিসাব ও বিল সংশ্লিষ্ট কার্যাদি সম্পন্ন করা যাবে। | সময় অনেক কম লাগবে, শ্রম অনেক কমে যাবে ও প্রতিষ্ঠানের আর্থিক স্বচ্ছতা নিশ্চিত করা সম্ভব হবে এবং দাপ্তরিক কাজে গতিশীলতা আসবে। অনুষ্ঠান পরিকল্পনা থেকে চুক্তিপত্র তৈরী ও তা শিল্পীকে জানানোর কাজে নূন্যতম ৫-১০ দিন সময় লাগে যা উদ্ভাবনের মাধ্যমে ১০-২০ মিনিটে করা সম্ভব হবে। |
| ২. | বাংলাদেশ বেতার অডিও লাইব্রেরি | ১। দেওয়ান মোহাম্মদ আহসান হাবীব<br>উপ-পরিচালক<br>২। জান্নাতুল ফেরদৌস<br>সহকারী পরিচালক<br>৩। মোঃ আব্দুল হান্নান<br>সহকারী পরিচালক | বাউল ডাটাবেজ হচ্ছে একটি অনলাইন ভিত্তিক ডাটা এপ্লিকেসন সিস্টেম। প্রথম পর্যায়ে, ডাটাবেজের অনলাইন প্লাটফর্মে শুধুমাত্র অডিও কন্টেন্টের তথ্য সাজানো থাকবে এবং আলাদাভাবে লোকাল কম্পিউটারে সকল অডিও কন্টেন্ট আলাদা ফোল্ডারে সুবিন্যস্তভাবে সাজানো থাকবে। দ্বিতীয় পর্যায়ে, সকল নিরাপত্তা নিশ্চিতকরণ সাপেক্ষে অডিও ফাইল ডাটাবেজে আপলোড এবং সংরক্ষণ করা হবে। | বাউল ডাটাবেজ ৫টি সাধারণ উদ্দেশ্য নিয়ে প্রণীত হয়েছে। যথাঃ ১. তাৎক্ষণিকভাবে শ্রোতা অনুরোধের গান/তথ্য/অডিও কন্টেন্ট খুঁজে বের করা ও প্রচার করা।<br>২. অনুষ্ঠান নির্মাণ সহজীকরণ এবং উৎকর্ষ সাধন করা।<br>৩। দাপ্তরিক কাজে দ্রুততা, দায়িত্বশীলতা ও গতিশীলতা আনয়ন করা।<br>৪। ডিজিটাল পদ্ধতিতে অডিও ডাটা সংরক্ষণ, স্থায়িত্ব বৃদ্ধিকরণ ও সুষ্ঠু ব্যবস্থাপনা নিশ্চিত করা।<br>৫। অনুষ্ঠান নির্মাণে সংশ্লিষ্ট সকলকে আধুনিক তথ্য-প্রযুক্তির সাথে সম্পৃক্ত করা। |
| ৩. | মোবাইল হাইব্রিড | ১। জনাব মোঃ আবু সায়েদ<br>উপ-আঞ্চলিক প্রকৌশলী<br>রাঙামাটি | হাইব্রিতে টেলিফোন এর সেট ও সংযোগের সুবিধা ছাড়া কেবল সেল ফোন ব্যবহার করে ফোন ইন প্রোগ্রামে শ্রোতাবৃন্দের সাথে ফোনালাপ এবং দূরবর্তী ভিআইপিদের সাক্ষাৎকার সরাসরি সম্প্রচার। | শ্রোতাদের অনুষ্ঠানে সরাসরি অংশগ্রহণ নিশ্চিতকরণ। তাছাড়া করোনাকালীন সময়ে বয়স্ক/ভিআইপিদের অনুষ্ঠানে আসা যাওয়ার অংশগ্রহণ নিশ্চিত করা। |
| ৪. | মুজিববর্ষে বাংলাদেশ | ১। জনাব দেওয়ান আশরাফুল ইসলাম, | মুজিববর্ষকে কেন্দ্র করে বেতারের সকল কেন্দ্র /ইউনিটে নির্মিত সুপ্রযোজিত | বেতারের সকল কেন্দ্র /ইউনিটে নির্মিত সুপ্রযোজিত অনুষ্ঠানসমূহ |

| | | | | |
|---|---|---|---|---|
| | বেতারের সুপ্রযোজিত অনুষ্ঠানসমূহ বেতারের ওয়েবসাইটে সংরক্ষণ ও উপস্থাপন | উপ ষ্টেশন প্রকৌশলী | অনুষ্ঠানসমূহ বাংলাদেশ বেতারের ওয়েবসাইটে পূর্ণাঙ্গ তথ্যসহ সংরক্ষণ ও উপস্থাপন করা। | ভবিষ্যতের জন্য সংরক্ষণ সম্ভব হবে এবং শ্রোতারা যে কোন সময় শুনতে পারবেন। |
| ৫. | সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচারের জন্য ইনফোগ্রাফিক অনুষ্ঠান নির্মাণ | ১। জনাব ফাহাদ হোসেন মোল্লা<br>সহকারী পরিচালক | বেতারের অডিও প্রচারণার ধারনাকে পাল্টে অডিও, ভিডিও এবং টেক্সট তিন ফরমেটেই অনুষ্ঠান প্রচার এবং প্রচারণা কাযক্রম চলবে অর্থাৎ সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচারের জন্য ইনফোগ্রাফিক অনুষ্ঠান নির্মান। শিশু ও নারী উন্নয়নের যোগাযোগের কাযক্রম হতে বেতারের পেজবুক পেজে নিয়মিত এ ধরনের অনুষ্ঠান আপলোড করা। | সরকারি প্রচারণা জনসাধারণের নিকট আরো আকর্ষণীয় ও জনপ্রিয় করে তুলতে বাংলাদেশ বেতার ৩৬০ ডিগ্রী আঙ্গিকে প্রচারণা শুরু করেছে। বিশ্বের অন্যান্য উন্নত/স্বল্প উন্নত দেশের সম্প্রচার মাধ্যমের সাথে তাল মিলিয়ে বাংলাদেশ বেতারকে বিশ্ব মানের প্রচার মাধ্যম হিসাবে গড়ে তোলার পাশাপাশি সরকারের উন্নয়ন কাযক্রম ও সেবা সুবিধা জনসাধারণের নিকট রিয়েল টাইমে পৌছানোই এর মূল লক্ষ্য। |
| ৬ | ফেসবুকে বার্তা প্রচার | শরীফুল কাদের<br>পরিচালক (মনিটরিং) | নিজস্ব ফেসবুক পেজের এবং ওয়েবসাইট এর নিয়মিত প্রচারিত নিউজ ও নিউজ বুলেটিং সম্প্রচার বার্তা প্রচার সম্প্রচারিত। | অনলাইনে ও সামাজিক যোগাযোগের মাধ্যম ব্যবহার করে শ্রোতারা যে কোন সময় বাংলাদেশ বেতারের নির্ভুল ও বস্তুনিষ্ঠ খবর শুনতে পারবেন। |
| ৭. | অনলাইন আর্কাইভিং | জনাব মর্জিনা বেগম<br>আঞ্চলিক পরিচালক | বেতার বাংলা পত্রিকাসমূহের ১৯৫০ সাল থেকে বর্তমান পর্যন্ত অনলাইনে সংরক্ষণ এর প্রথম ধাপ হিসেবে গত ১০ বছরের (২০১১-২০২০) পত্রিকার সফটকপি অনলাইনে বেতারের ওয়েবপেজে সংরক্ষণ। | বেতারের ওয়েবপেজে পত্রিকার কপি অনলাইনে সংরক্ষণ করা হলে এর গ্রাহক তথা বেতার শ্রোতা ও বেতার সংশ্লিষ্ট যে কেউ যে কোন তথ্য সহজেই বের করতে পারবে। |

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

21.10.2020

হোসনে আরা তালুকদার
মহাপরিচালক (চলতি দায়িত্ব)
ফোনঃ ৪৪৮১৩০৬২

মো: মাহবুবুল কবীর সিদ্দিকী
সিস্টেম এনালিস্ট
তথ্য মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

<u>অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

১। পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
২। সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতিকল্পে), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
৪। অফিস কপি।